DCRB

# FIRST INFORMATION REPORT

W.B.P.Form No. 27 — 8019

First Information of a cognizable crime reported under section154 Cr. P. C. at P.S.

1. Dist. Purba Mdp. Sub- Divn. Contai P.S. Contai Women Year 2017 FIR NO. 19 Date 24.3.17
2. i) Act I.P.C. Section 448/323/354(A)/379/307/506/34 Sections
2. ... Section ... iv) Other Act & Sections ...
3. a) General Diary Reference : Entry No. 714 Time at 17:45 hrs
   b) Occurrence of Offence : Day Saturday Date 18.03.17 Time about 18:30 hrs.
   c) Information received Date on 24.03.17 Time at 17:45 hrs.
   G.D. No. 714 at the Police Station
4. Type of Information. Written / Oral Written
5. Place of Occurrence a) Direction and Distrance from P.S. J.L. NO 442, 22 KM. North/East
   b) Address House of Complainant at Chandivotibark, P.O.- Namaldika, P.S.- Contai, District- Purba Medinipur, under Anchal No.1
   c) In cash outside limit of this Police Station, then the name of P.S. (Ambalia), Contai Block-II.
   District
6. Complaint /Informant :
   a) Name Sakila Khatun (9933954921)
   b) Father's / Husband's Name Late SK Sirajuddin
   c) Date/Year of Birth Not Noted
   d) Nationality Indian
   e) Address Vill.- Chandivotibark, P.O.- Namaldika, P.S.- Contai, Purba Mdp.
7. Detaiuls Known/Suspected/Unknown/Accused with full particulars Accd. (1) Sri Ruma Maity S/o- Sri Gobinda Maity (2) SK Safil S/o- Late SK Habib (3) SK Muslim S/o- SK Safil (4) SK Mukhtar S/o- SK Safil (5) SK Selim S/o- Late SK Safil (6) SK Baristia S/o- SK Safil (7) SK Babu S/o- SK Salamall of Chandivotibark, P.O.- Namaldika, (8) SK Jabbar S/o- SK Gafur of Barichandivoti, P.O.- Namaldika, P.S.- Contai, Dist.- Purba Medinipur
   (Attach separate sheet, if necessary)
8. Reasons for dealy in reporting by the Complaint/Informant Delay due to treatment & amicable settlement.
9. Particular of properties stolen / involved : (Attach separete sheet, if required) :
10. Total value of Properties stolen / involved :
11. Inquest report / U.D. : Case No. if any :
12. FIR Contents : (Attach separate sheets, if required) : The original written complaint which is treated as FIR is attached herewith.

Officer-In-Charge, 24.3.17
Contai Women Police Station
Purba Medinipur

13. Action taken : Since the above report reveals commission of offence (s) u/s 448/323/354/379/307/506/34 I.P.C.

register the case and took up the investigation/directed LASI Ruma Mandal of P.S. to take up the investigation

transferred to P.S. ... on point of jurisdiction FIR read over to the Complaint /informant, admitted to be correctly recorded and given to the Complainant/Informant free of cost.

Officer-In-Charge, 24.3.17
Contai Women Police Station
Purba Medinipur

Signature of the Office-in-charge, Police Station with
Name LSI RANUSRI GHOSAL
Rank LSI OF POLICE
Number, if any O/C CONTAI WOMEN PS,
24.03.17

সাকিলা খাতুন

Signature / Thumb Impression of the Complainant /Informant

DR NO. 526/17
25.3.17

*To*
*The O/C Contai Women P.S.*
*Contai, Purba Medinipur.*

মহাশয়,

দরখাস্তকারিনী সাকিলা খাতুন, পিতা- মৃত সেখ পেনাউদ্দিন, সাং- চন্দীভেরীবাড়, পোঃ- নামালডিহা, থানা- কাঁথি, জেলা- পূর্ব মেদিনীপুর। নিবেদন এই যে, অধীন সহ অধীনার পরিবার অতিশয় দরিদ্র, শ্রমজীবি হইতেছি। কাঁথি থানার জে.এল.নং- ৪৪২, দুর্গাপুর মৌজায় ৫৩ নং দাগে ১২ ডেঃ সম্পত্তি অধীনার ভ্রাতা পঃ বঃ সরকার কর্তৃক R.S. Case No.- 81(1) (M-12) / 1409 B.S. মূলে পাট্টা বন্দোবস্ত মূলে প্রাপ্ত হইয়া স্বত্ববান ও দখলকার রহিয়াছে। উক্ত সম্পত্তি অত্যন্ত নীচু গভীর সম্পত্তি বিধায় এবং তাহা ধান্য আদি চাষাবাদের অনপযুক্ত হওয়ায় অধীনা সহ অধীনার ভ্রাতা ও পরিবারবর্গ ধার দেনা করিয়া প্রভূত ব্যায় করিয়া চারিপার্শ্বে বাঁধ আদি নির্মানে তাহাতে নোনা জল ঢুকাইয়া চিংড়ি চাষ করিয়া স্বত্বদখল পরিচালনা করিয়া আসিতেছি। প্রতি বৎসরের ন্যায় এ বৎসরও উক্ত ঘেরীতে চিংড়ি মাছের চারা পোনা ছাড়িবার জন্য সমুহ খরচাদি করিয়া উপযুক্ত ব্যবস্থা গ্রহন করিয়াছিলাম। তপশীল ১নং আসামী এলাকায় তাহার মেশিন দ্বারা পাশ্ববর্তী বারবেড়িয়া খাল হইতে নোনা জল ঢুকাইবার ব্যবসাদি করে। তপশীল ১নং আসামীর সহিত অধীনার ঘেরীতে ৩ ফুট জল ঢুকাইবার শর্তে ১,৮০০/- (এক হাজার আটশত) টাকা দিবার কথা হয় এবং অধীনা ১নং আসামীকে ৫০০/- (পাঁচশত) টাকা প্রদান করে এবং বাকী টাকা জল ঢুকাইয়া দিলে প্রদান করিবার কথা হয়। কিন্তু অধীনা তাহার ঘেরীতে নোনা জল ঢুকাইবার জন্য তপশীল ১নং আসামীর সহিত যে পরিমান জল ঢুকাইবার কথা ছিল সে তাহার অর্দ্ধেক জল অর্থাৎ ২ ফুট ঢুকাইয়া অধীনার নিকট হইতে বাকী টাকা দাবী করে। অধীনা তপশীল ১নং আসামীকে তাহার ঘেরীতে কথামতো বাকী ১ ফুট জল পুরন করিয়া দিতে বলে। ১নং আসামী আজকাল করিয়া অধীনার ঘেরীতে জল ঢুকাইয়া দেয় নাই অধীনা গত ইং- ১৮/০৩/২০১৭ তারিখে দুপুরে তপশীল ১নং আসামীকে অধীনার ঘেরীতে জল ভরিয়া দিতে অথবা অধীনাকে আর কত টাকা দিতে হবে বলিয়া জিজ্ঞাস করিলে তপশীল ১নং আসামী বাকী সমুহ টাকা অর্থাৎ ১,৩০০/- (এক হাজার তিনশত) টাকা দিতে হবে এবং আর জল ভরিয়া দিবে না মর্ম্মে প্রকাশ করিয়া বেশী কথা বলিলে স্ব-পরিবারে প্রানে মারিয়া লাশ গুম করিয়া দিবে ও অধীনাকে ধর্ষন করিয়া খুন করিবে মর্ম্মে ও পরে দেখিয়া লইবে মর্ম্মে ধমকাদি প্রদান করিয়া চলিয়া যায়।

Received on 24.03.17 at 17:45 hrs and started Contai Women P.S. Case No 19/17 dated 24.3.17 u/sec 448/323/354/379/307/34 IPC.
Officer-in-Charge

পর পৃষ্ঠা-২

অবশেষে তপশীল আসামীগন উক্ত ১৮/০৩/২০১৭ তারিখে সন্ধ্যা আন্দাজ ৬টা ৩০ মিঃ নাগাদ একযোগে হাতে সাবল, লোহার রড, তরবারি ইত্যাদি লইয়া অন্যায় অবৈধমতে অধীনার গৃহে প্রবেশ করিয়া অশ্লীল অকথ্য ভাষায় গালিগালাজ করিয়া ও অধীনাকে বাকী ১,৩০০/- (এক হাজার তিনশত) টাকা দিতে হইবে মর্ম্মে প্রকাশ করিয়া লাথি, কিল, চড়, আদির দ্বারা অধীনাকে প্রচন্ড মারধর করে। অধীনা ও অধীনার ভ্রাতা এবং ভ্রাতু পুত্র তাহদেরকে বাকী জল ভরিয়া দিলে অবশিষ্ট টাকা প্রদান করিব মর্ম্মে প্রকাশ করিলে তপশীল ২নং আসামী তাহার হাতে থাকা লোহার সাবল দ্বারা অধীনার ভ্রাতুপুত্র সেখ রাজু ওঃ মঞ্জিলকে প্রানে মারিয়া ফেলিবার অসৎ উদ্দেশ্যে তাহার মাথা লক্ষ্য করিয়া স্বজোরে আঘাত করে। সে মাথা সরাইয়া লইলে তাহার বাম হাতে প্রচন্ড লাগে এবং সেখ রাজু ওঃ মঞ্জিল মাটিতে লুটাইয়া পড়ে। অধীনা ২নং আসামীর হাত হইতে সাবলটি কাড়িয়া লইলে ২নং আসামী অতিশয় আক্রোশান্বিত হইয়া অধীনার গৃহে পড়িয়া থাকা থান ইঁট তুলিয়া লইয়া স্বজোরে সেখ রাজু ওঃ মঞ্জিল এর মাথায়, নাকে আঘাত করে। তাহাতে তাহার নাক ফাটিয়া রক্তাক্ত জখম হয়। তপশীল ৬/৭/৮নং আসামীগন তাহার বুকে, পেটে, মাথায় প্রচন্ড মারধর করে। তপশীল ১নং আসামী অধীনাকে চুলের মুঠি ধরিয়া প্রচন্ড মারধর করে ও আমার সালোয়ার কামিজ, ওড়না প্রভৃতি ছিড়িয়া দিয়া আমার বুকে পেটে প্রচন্ড মারধর করিয়া শ্লীলতাহানি করে ও ৮নং আসামী অধীনাকে ধর্ষন করিবে মর্ম্মে ধমকানি প্রদান করেন। তপশীল ৩/৪/৫/৬/৭/৮নং আসামী অধীনার ভ্রাতা সেক নিয়ামৎকে প্রচন্ড মারধর করে এবং ৩নং আসামী অধীনার হইতে একটি ১ ভরি ওজনের সোনার হার ছিড়িয়া লয়। যাহার আনুমানিক মূল্য- ৩০,০০০/- (ত্রিরিশ হাজার) টাকা হইবে। তপশীল ৮নং আসামী অধীনার ভ্রাতা নিয়ামতের পকেট হইতে ২,০০০/- (দুই হাজার) টাকা এবং ৫নং আসামী তাহার ৩,০০০/- (ত্রিরিশ হাজার) টাকার মুল্যের মোবাইল ফোনটি ছিনাইয়া লয়। অধীনা সহ অধীনার পরিবার পরিজনের চিৎকারে সাক্ষীগন সহ অন্যান্য লোকজন ছুটিয়া আসিলে তপশীল আসামীগন থানা পুলিশ করিলে অধীনা সহ অধীনার পরিবার পরিজনকে প্রানে মারিয়া ফেলিবে বলিয়া ধমকানি প্রদান করিয়া চলিয়া যায়। স্বাক্ষীগন সহ গ্রাম্যলোকজনদের সাহায্যে সেখ রাজু ওঃ মঞ্জিলকে কাঁথি মহকুমা হাসপাতালে ভর্তি করিলে ডাক্তারবাবু তাহার জখম গুরুতর দেখিয়া তাহাকে

পর পৃষ্ঠা-৩

হাসপাতালে ভর্তি করিয়া লয়। অদ্যাবধি সে কাঁথি মহকুমা হাসপাতালে মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়িতেছে। অন্যান্য স্বাক্ষীগন সহ অধীনা গ্রাম্য ডাক্তারবাবুর নিকট চিকিৎসা করাইয়া বর্তমানে কতক সুস্থ হইয়াছি। প্রকাশ থাকে যে, অধীনাগন আসামীগনের ভয়ে গ্রাম্য ডাক্তারবাবুকে দেখাইতে বাধ্য হয়। চিকিৎসার প্রয়োজনে, গ্রাম্য মীমাংসার প্রচেষ্টায় এবং আসামীগনের ভয়ে ভীত থাকিবার কারনে আপনার নিকট জানাইতে কিয়ৎ বিলম্ব হইল। অত্রসহ মেডিক্যাল রিপোর্ট ও পাট্টার জেরক্স কপি প্রদত্ত হইল।

অতএব প্রার্থনা উপরোক্ত কারনে অধীনার দরখাস্ত F.I.R. গন্যে তপশীল আসামীগনের বিরুদ্ধে উপযুক্ত তদন্তপূর্বক উপযুক্ত শাস্তি প্রদানের বিহীত ব্যবস্থা গ্রহন করা যায়।

তাং- ২৪/৩/২০১৭

নিবেদন ইতি

[signature]
03339540 21

**তপশীল আসামীগন**

১। শ্রী ঝুনা মাইতি, পিতা- শ্রী দোলগোবিন্দ মাইতি
২। সেখ সাফিল, পিতা- মৃত সেখ হেদাৎ
৩। সেখ মুসলিম, পিতা- সেখ সাফিল
৪। সেক মুখতিয়া, পিতা- সেখ সাফিল
৫। সেক সেলিম, পিতা- মৃত সেখ গাফিল
৬। সেক বড়কটিয়া, পিতা- সেখ সাফিল
৭। সেখ বাবু, পিতা- সেখ সালেম
সর্ব্ব সাং- চন্ডীভেটীবাড়, পোঃ- নামালডিহা
থানা- কাঁথি, জেলা- পূর্ব মেদিনীপুর।
২। সেখ জব্বার, পিতা- সেখ গফুর
সাং- বাড়চন্ডীভেটী, পোঃ- নামালডিহা
থানা- কাঁথি, জেলা- পূর্ব মেদিনীপুর।

**তপশীল স্বাক্ষীগনের নাম**

১। সেখ রাজু ওঃ মঞ্জিল, পিতা- সেখ নাসিরুদ্দিন
২। সেখ নিয়ামৎ উদ্দিন, পিতা- মৃত সেখ জেনাউদ্দিন
উভয়ের সাং- চন্ডীভেটীবাড়, পোঃ- নামালডিহা
থানা- কাঁথি, জেলা- পূর্ব মেদিনীপুর।
৩। সেখ সাদাত, পিতা- সেখ রফিল
সাং- বাড়চন্ডীভেটী, পোঃ- নামালডিহা
থানা- কাঁথি, জেলা- পূর্ব মেদিনীপুর।
৪। সেখ ভানু, পিতা- মৃত সেখ ইসমাইল
৫। সেখ কাসেদ, পিতা- সেখ ভানু
উভয়ের সাং- চন্ডীভেটীবাড়, পোঃ- নামালডিহা
থানা- কাঁথি, জেলা- পূর্ব মেদিনীপুর।